

💵 রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১০১৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০০৮]

৮/ বিভিন্ন নেক আমলের ফ্যীলত প্রসঙ্গে (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ১৮২: সুললিত কণ্ঠে কুরআন পড়া মুস্তাহাব। মধুরকণ্ঠ কারীকে তা পড়ার আবেদন করা ও তা মনোযোগ সহকারে শোনা প্রসঙ্গে

> (182) بَابُ اِسْتِحْبَابِ تَحْسِيْنِ الصَّوْتِ بِالْقُرْآنِوَطَلَبِ الْقِرَاءَةِ مَنْ حَسُنَ الصَّوْتَ وَالْإِسْتِمَاعَ لَهَا

আরবী

وَعَنِ ابنِ مَسعُودِ رضي الله عنه قَالَ: قَالَ لِي النَّبِيُّ صلى الله عليه وسلم: «اِقْرَأُ عَلَيْكَ، وَعَلَيْكَ أُنْزِلَ ؟! قَالَ: القُرْآنَ»، فَقُلْتُ: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، أَقْرَأُ عَلَيْكَ، وَعَلَيْكَ أُنْزِلَ ؟! قَالَ: «إِنِّي أُحِبُّ أَنْ أَسْمَعَهُ مِنْ غَيْرِي». فَقَرَأْتُ عَلَيْهِ سُورَةَ النِّسَاءِ، حَتَّى جِبِّتُ إِلَى هَذِهِ الآيَةِ: فَكَيْفَ إِذَا جِبِّنَا مِنْ كُلِّ أُمَّةٍ بِشَهِيدٍ وَجِبِّنَا بِكَ عَلَى هَوُّلاَءِ شَهِيداً قَالَ: «حَسْبُكَ الآنَ» فَالْتَفَتُ إِلَيْهِ، فَإِذَا عَيْنَاهُ تَذْرِفَانِ . متفقٌ عَلَيْهِ

বাংলা

৫/১০১৫। আব্দুল্লাহ ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, "(হে ইবনে মাসউদ!) আমাকে কুরআন পড়ে শুনাও।" আমি বললাম, 'হে আল্লাহর রাসূল! আমি আপনাকে পড়ে শোনাব, অথচ আপনার উপরে তা অবতীর্ণ করা হয়েছে?' তিনি বললেন, "অপরের মুখ থেকে (কুরআন পড়া) শুনতে আমি ভালবাসি।" সুতরাং তাঁর সামনে আমি সূরা নিসা পড়তে লাগলাম, পড়তে পড়তে যখন এই (৪১নং) আয়াতে পৌঁছলাম---যার অর্থ, "তখন তাদের কি অবস্থা হবে, যখন প্রত্যেক সম্প্রদায় থেকে একজন সাক্ষী উপস্থিত করব এবং তোমাকেও তাদের সাক্ষী-রূপে উপস্থিত করব?" তখন তিনি বললেন, "যথেষ্ট, এখন থাম।" অতঃপর আমি তাঁর দিকে ফিরে দেখি, তাঁর নয়ন যুগল অশ্রুদ্ধ ঝরাচ্ছে। (বুখারী, মুসলিম) [1]

English

(182) Chapter: The Merit of Recitation of the Noble Qur'an in a Pleasant Voice

Ibn Mas'ud (May Allah be pleased with him) reported:



The Prophet (ﷺ) said to me, "Recite the Qur'an to me." I said: "O Messenger of Allah! Shall I recite it to you when it was revealed to you?" He (ﷺ) said, "I like to hear it from others." Then I began to recite Surat An-Nisa'. When I reached the Ayah: 'How will it be when We shall bring a witness from every people and bring you as a witness against them?' (Having heard it) he said, "Enough! Enough!" When I looked at him, I found his eyes were overflowing with tears.

[Al- Bukhari and Muslim].

Commentary: This Hadith has been mentioned earlier. It is repeated here for the reason that it has an aspect of honour for the people who are blessed with knowledge and grace. Moreover, it stresses the need to hear the recitation of the Qur'an from those who recite it beautifully in order to contemplate over it, as was done by the Prophet (PBUH) himself.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৪৫৮২, ৫০৪৯, ৫০৫৯, ৫০৫৫, ৫০৫৬, মুসলিম ৮০০, তিরমিয়ী ৩০২৪, ৩০২৫, আবু দাউদ ৩৬৬৮, ইবনু মাজাহ ৪১৯৪, আহমাদ ৩৫৪০, ৩৫৯৫, ৪১০৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন